



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: সার্কুলার নং: বিজিএ/কাস/২০২২/১৬৪

তারিখ: ১৯/০৪/২০২১

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : তৈরি পোশাক শিল্পের শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা পরিশোধ ও নিরবিচ্ছিন্নভাবে বাণিজ্য পরিচালনার স্বার্থে ঈদের পূর্বের সাপ্তাহিক ছুটির দিনগুলোতে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

সম্মানিত সকল সদস্যগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঈদের পূর্বে পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রপ্তানি বাণিজ্য অব্যাহত রাখার স্বার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্প এলাকার তফসিলি ব্যাংকের পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ স্বাস্থ্যবিধি যথাযথভাবে পরিপালন নিশ্চিত করে আগামী ২৯ এপ্রিল এবং ৩০ এপ্রিল, ২০২২ তারিখে খোলা রাখা হবে মর্মে বাংলাদেশ ব্যাংক ডিওএস সার্কুলার লেটার নং -১২, তারিখ, ১৮ এপ্রিল, ২০২২ জারী করেছে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে উক্ত সার্কুলারটি এবং অফিস সময়সূচি নির্ধারণ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের ডিওএস সার্কুলার লেটার নং - ১০, তারিখ: ৩০/০৩/২০২২ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

Shahinur-customs



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১০

১৬ চৈত্র ১৪২৮
তারিখঃ -----
৩০ মার্চ ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

১৪৪৩ হিজরি (২০২২ খ্রিষ্টাব্দ) সনের পবিত্র রমজান মাসের অফিস সময়সূচি নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

১৪৪৩ হিজরি (২০২২ খ্রিষ্টাব্দ) সনের পবিত্র রমজান মাসে বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক-কোম্পানীর অফিস ও লেনদেনের সময়সূচি হবে নিম্নরূপঃ

কার্যদিবস	অফিস সময়সূচি	লেনদেনের সময়সূচি
রবিবার হতে বৃহস্পতিবার	সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ন ৪:০০ ঘটিকা পর্যন্ত (দুপুর ১:১৫ ঘটিকা হতে ১:৩০ ঘটিকা পর্যন্ত যোহরের নামাজের বিরতিসহ)	সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ন ২:৩০ ঘটিকা পর্যন্ত
শুক্রবার ও শনিবার	সাপ্তাহিক ছুটি।	-

২। যোহরের নামাজের জন্য দুপুর ১:১৫ ঘটিকা হতে ১:৩০ ঘটিকা পর্যন্ত বিরতি নির্ধারণ করা হলেও রমজান-পূর্ব সময়ের ন্যায় নিয়মানুযায়ী অভ্যন্তরীণ সমন্বয়ের মাধ্যমে লেনদেনের কাজ অব্যাহত থাকবে।

৩। পবিত্র রমজান মাস অতিবাহিত হওয়ার পর ব্যাংকের অফিস ও লেনদেনের সময়সূচি রমজান-পূর্বাবস্থায় ফিরে আসবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন ৪ ৯৫৩০০৯৩



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১২

তারিখঃ ০৫ বৈশাখ ১৪২৯
১৮ এপ্রিল ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা প্রদান ও রক্তানী বিল ক্রয়ের লক্ষ্যে ব্যাংকের সর্বশ্রেষ্ঠ শাখা ২৯ ও ৩০ এপ্রিল ২০২২ তারিখে খোলা রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আসন্ন ঈদ-উল-ফিতর এর পূর্বে তৈরী পোশাক শিল্প সর্বশ্রেষ্ঠ বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রক্তানী বিল ক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আজলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, জালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোশাক শিল্প সর্বশ্রেষ্ঠ শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক ৩০ মার্চ ২০২২ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১০ এ বর্ণিত সময়সূচি অনুযায়ী ২৯ ও ৩০ এপ্রিল ২০২২ তারিখ খোলা রাখার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০২। উক্ত দিবসসময়ে বাংলাদেশ ব্যাংকের ক্রিয়ামুখি ব্যবস্থা খোলা থাকবে। তবে, ক্রিয়ামুখি ব্যবস্থা সৃষ্টরূপে পরিচালনার স্বার্থে উল্লিখিত এলাকার বাইরে অবস্থিত কোন ব্যাংক শাখার উপর চেক প্রদান করা যাবে না।

অনুমোদনপূর্বক প্রাপ্ত স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯৩